



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

১০১৪/নিউ, সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম

Website: <https://web.bise-ctg.gov.bd>

স্মারক নং-চশিবো/ক-শা/বিবিধ/৫৭/৯৫/৬০০ (৩০০)

তারিখ : ১২/০৮/২০২৪খ্রি.

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত

### জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা এই বোর্ডের আওতাধীন কলেজে ভর্তিচ্ছু শিক্ষার্থী, অভিভাবক ও বিভিন্ন কলেজের অধ্যক্ষগণের আবেদনের প্রেক্ষিতে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে কলেজে ভর্তি সংক্রান্ত জরুরি নির্দেশনা।

কলেজ এবং শিক্ষার্থীদের জন্য নির্দেশনা :

- ১) যে সকল শিক্ষার্থী ১ম, ২য়, ৩য় পর্যায়ে নিশ্চায়ন করেছিল ও ৩য় পর্যায় শেষে কলেজের ভর্তি তালিকায় নাম আছে এবং কোটায় নির্বাচিতদের ক্ষেত্রে কোটার স্বপক্ষে প্রমাণক আছে কিন্তু কোন কারণে কলেজে ভর্তি সম্পন্ন করতে পারেনি এবং সংশ্লিষ্ট কলেজ তাদের ভর্তি বাতিল করেনি বা শিক্ষাবোর্ড থেকে নিশ্চায়ন বাতিল করেনি তারা যদি নির্বাচিত কলেজে ভর্তি হতে ইচ্ছুক থাকে তাহলে ৪র্থ পর্যায়ে কলেজে ভর্তির নির্ধারিত তারিখে কলেজে গিয়ে ভর্তি হতে পারবে। যারা ইতিমধ্যে চট্টগ্রাম শিক্ষা বোর্ড থেকে নিশ্চায়ন বাতিল করেছে তারা ভর্তি হতে পারবে না। তাদেরকে ৪র্থ পর্যায়ে ভর্তির জন্য নতুনভাবে আবেদন করতে হবে।
- ২) ৩য় পর্যায়ে নিশ্চায়নকৃত শিক্ষার্থী ভর্তির জন্য কলেজের সাথে যোগাযোগ না করায় প্রতিষ্ঠান যদি তাদের ভর্তি বাতিল করে থাকে তাহলে সে সকল শিক্ষার্থী ৪র্থ পর্যায়ে সরাসরি আবেদন করতে পারবে।
- ৩) অন্যদিকে যে সকল শিক্ষার্থী তৃতীয় পর্যায় পর্যন্ত নিশ্চায়ন থাকা সত্ত্বেও ইচ্ছাকৃতভাবে ভর্তি হননি অথবা ভর্তি সম্পন্ন করেও চতুর্থ পর্যায়ে আবেদন করতে ইচ্ছুক সে সকল শিক্ষার্থীকে সংশ্লিষ্ট বোর্ডে যোগাযোগ করে তাদের নিশ্চায়ন/আবেদন/ভর্তি বাতিল করতে হবে। অতঃপর তারা ৪র্থ পর্যায়ে আবেদন করতে পারবে।
- ৪) ৪র্থ পর্যায়ে কলেজ ভর্তির আবেদনের শেষ তারিখ : ১৪/০৮/২০২৪, রাত ১০.০০টা পর্যন্ত। ৪র্থ পর্যায়ে নিশ্চায়নের তারিখ : ১৮/০৮/২০২৪ ও ১৯/০৮/২০২৪ রাত ০৮.০০টা পর্যন্ত। ৪র্থ পর্যায়ে কলেজে ভর্তির তারিখ : ২০/০৮/২০২৪ মঙ্গলবার।
- ৫) ভর্তিকৃত শিক্ষার্থীদের কলেজ কর্তৃক নিশ্চায়ন (Admitted) এর শেষ তারিখ : ২০/০৮/২০২৪। কলেজ কর্তৃক নিশ্চায়নের বিষয়টি অতীব জরুরী। কলেজ কর্তৃক নিশ্চিত (Admitted) না করলে রেজিস্ট্রেশন করা যাবে না। কলেজ কর্তৃক নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের (Admitted) তালিকা Download পূর্বক প্রিন্ট করে কলেজে সংরক্ষণ করতে হবে।
- ৬) অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধানগণকে কলেজ ভর্তির ওয়েবসাইট (<https://xiclassadmission.gov.bd>) ও শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে ([www.bise-ctg.gov.bd](http://www.bise-ctg.gov.bd)) প্রকাশিত বিজ্ঞপ্তি ও নির্দেশনা নিয়মিতভাবে অনুসরণ করতে হবে।
- ৭) ভর্তির ওয়েবসাইটে পরবর্তীতে দেয়া নির্দেশনা মোতাবেক নির্ধারিত তারিখের মধ্যে কলেজ কর্তৃক বিষয় রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

*[Signature]*

(প্রফেসর মো: জাহেদুল হক)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,  
চট্টগ্রাম।

*[Signature]*